অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল NASSAU HEALTH CARE CORPORATION-এর বোর্ডে চারজনকে নিয়োগ দেওয়ার ঘোষণা করলেন

NUMC-কে আরো শক্তিশালী ভবিষ্যতের দিকে নিতে সাহায্য করতে চেয়ার হিসেবে স্টুয়ার্ট রযাবিনোউইজের নাম ঘোষণা করলেন
নতুন কাঠামোটি দায়বদ্ধতাকে বাড়িয়ে দেয় এবং একই সাথে উচ্চমানের রোগীর সেবাকে অগ্রাধিকার দেয়

গভার্নেন্সের সংশোধনের লক্ষ্য হলো তত্ত্বাবধান উন্নত করা, আর্থিক স্থিতিশীলতা এবং কমিউনিটির আস্থা

এই নিয়োগগুলি হেলথ কেয়ার, আর্থিক অবস্থা, আইন এবং সিভিক এনগেজমেন্টে নেতৃত্বের অভিজ্ঞতা নিয়ে আসবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Nassau Health Care Corporation (NHCC)-এর নতুনভাবে পুনর্গঠন করা বোর্ড অফ ডিরেক্টর্সে (Board of Directors) চারজনকে নিয়োগ দেওয়ার ঘোষণা করেছেন, কর্পোরেশনটি নাসাউ (Nassau) কাউন্টির একমাত্র সরকারি হাসপাতাল, Nassau University Medical Center (NUMC)-এর তত্ত্বাবধান করে। এই নিয়োগগুলি একটি নতুন স্টেট আইনের বাস্তবায়নের একই সময়ে করা হয়েছে, যা 1 জুন, 2025 তারিখ থেকে কার্যকর হচ্ছে এবং NHCC গভার্নেন্সের উল্লেখযোগ্য সংশোধন করবে, স্টেটের তত্ত্বাবধান উন্নত করে এবং NUMC-এর আর্থিক এবং অপারেশনাল স্থিতিশীলতা জোরদার করার একটি পথ স্থাপন করে। গভর্নর Hochul (হোকল) এছাড়াও বোর্ডের চেয়ার হিসেবে Hofstra University-এর সাবেক প্রেসিডেন্ট এবং উচ্চশিক্ষা এবং জননীতির দীর্ঘদিনের নেতা, Stuart Rabinowitz, Esq-এর (স্টুয়ার্ট রযাবিনোউইজ, এস্কয়ার) নাম ঘোষণা করেছেন।

"NUMC লং আইল্যান্ডের বহু মানুষের জন্য একটি লাইফলাইন, এবং সমৃদ্ধি করার জন্য এর যাতে প্রয়োজনীয় নেতৃত্ব ও তত্ত্বাবধান থাকে তা নিশ্চিত করতে আজকে আমরা পদক্ষেপ নিচ্ছি যা অনেক আগেই নেওয়া উচিত ছিলো," **গভর্নর Hochul (হোকল) বলেন।** নতুন নিয়োগ, এবং স্টেট এবং নাসাউ ইন্টেরিম ফাইন্যান্স অথোরিটিকে (Nassau Interim Finance Authority, NIFA) দেওয়া নতুন কর্তৃত্ব NUMC-এর সেবা পাওয়া কমিউনিটিগুলির জন্য দায়বদ্ধতা, দায়িত্বশীল আর্থিক ব্যবস্থাপনা এবং উচ্চমানের সেবা নিশ্চিত করতে সাহায্য করবে।" Stuart Rabinowitz (স্টুয়ার্ট রযাবিনোউইজ) হলেন একজন সম্মানিত এবং ভিশনারি নেতা, এবং

NUMC-এর পরের অধ্যায়ের নেতৃত্ব দিতে সাহায্য করার জন্য তার থেকে ভালো কেউ হতে পারে বলে আমি মনে করি না।"

Nassau University Medical Center-এর বোর্ড চেয়ার Stuart Rabinowitz (স্টুয়ার্ট রযাবিনোউইজ) বলেন, "NUMC হলো একটি অতি গুরুত্বপূর্ণ সেফটি নেট প্রতিষ্ঠান যা বহু বছর ধরে ত্রুটিপূর্ণ পরিচালনা ও অব্যবস্থাপনায় ভুগছে। গভর্নর Hochul-এর (হোকল) আমার উপর যে আস্থা রেখেছেন তার জন্য আমি কৃতজ্ঞ এবং জনগণের আস্থা পুনঃস্থাপন করতে, অনেক দিন আগে হওয়া উচিত ছিলো এমন সংশোধন করতে এবং হাসপাতালকে আবার স্থিতিশীলতা ও অসাধারণত্বের পথে স্থাপন করতে আমার ফেলো বোর্ড সদস্যদের সাথে কাজ করতে আমি আগ্রহী।"

1 জুন কার্যকর হওয়া গভার্নেন্সের সংশোধন সম্পর্কে:

- NHCC বোর্ডের 11 সদস্যের মধ্যে ছয়জনকে গভর্নর নিয়োগ দেন (অ্যাসেম্বলির স্পিকার এবং সিনেটের অস্থায়ী প্রেসিডেন্টের সুপারিশ অনুযায়ী একজন করে), নাসাউ কাউন্টির এক্সিকিউটিভ দুইজনকে, নাসাউ কাউন্টির আইনসভা (Nassau County Legislature) দুইজনকে, এবং মাইনোরিটি একজনকে নিয়োগ দেন।
- গভর্নর বোর্ডের চেয়ারকে নির্বাচন করবেন।
- নাসাউ কাউন্টির এক্সিকিউটিভের এখন থেকে আর NHCC-এর CEO-এর উপর অনুমোদনের কর্তৃত্ব থাকবে না।
- নাসাউ ইন্টেরিম ফাইন্যান্স অথোরিটির তত্ত্বাবধান বেশি হবে, যার মধ্যে রয়েছে 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিমাণের চুক্তির জন্য NHCC-কে অনুমোদন দেওয়া, এবং বিশেষ পরিস্থিতিতে NHCC-এর উপর একটি নিয়ন্ত্রণের সময়কাল ঘোষণা করা।
- NUMC-কে শক্তিশালী করার বিকল্পগুলির ব্যাপারে NHCC-কে অবশ্যই 1 ডিসেম্বর, 2026-এর মধ্যে একটি স্টাডি করতে এবং জমা দিতে হবে।

গভর্নর Hochul-এর (হোকল) বাকি দুইজন নিয়োগ, যাদের জন্য অ্যাসেম্বলির সিনেটর এবং সিনেটের অস্থায়ী প্রেসিডেন্ট একজন করে সুপারিশ করবেন, আইনসভার নেতাদের সাথে সমন্বয় করে ঘোষণা করা হবে। 1 জুন থেকে নিয়োগ কার্যকর করার প্রো নতুন বোর্ডটি NHCC-কে স্থিতিশীলতার পথে স্থাপন করার জন্য একটি বিশেষ মিটিংয়ের আয়োজন করবে।

NHCC বোর্ডে গভর্নর Hochul-এর (হোকল) নিয়োগ:

Stuart Rabinowitz (স্টুয়ার্ট রযাবিনোউইজ*), এক্সয়ার* (চেয়ার)
Stuart Rabinowitz (স্টুয়ার্ট রযাবিনোউইজ) হলেন Meltzer, Lippe, Goldstein & Breitstone, LLP-এর একজন সিনিয়র কাউন্সেল যেখানে তিনি স্টেট এবং ফেডারেল লিটিগেশন, সাংবিধানিক আইন, নাগরিক অধিকার, এবং শিক্ষা আইন নিয়ে কাজ করেন। তিনি 20 বছরের বেশি সময় ধরে Hofstra University-তে কাজ করেছেন যেখানে তিনি প্রতিষ্ঠানের শিক্ষামূলক পদচিহ্নকে উল্লেখযোগ্যভাবে বাড়িয়েছেন, যার মধ্যে আছে একটি মেডিকেল স্কুল তৈরি করা, এবং তিনটি ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) প্রেসিডেনশিয়াল ডিবেট আয়োজন করে এর জাতীয় প্রোফাইল উন্নত করেছেন। তিনি একজন সাবেক সাংবিধানিক আইনের

অধ্যাপক এবং জাতীয়ভাবে স্বীকৃত নীতিমালার নেতা, তার Columbia Law School থেকে ম্যাগনা কুম লাউডে J.D. আছে এবং তিনি Phi Beta Kappa-এর সদস্য। জনগণকে সেবা দেওয়ার বড় প্রতিষ্ঠানে নেতৃত্ব দেওয়ার তার বহু দশকের অভিজ্ঞতা আছে যা তাকে NUMC-এর পুনরুজ্জীবনের নেতৃত্ব দিতে সাহায্য করার জন্য অনন্যভাবে যোগ্য করে।

Amy Flores (এমি ফ্লোরেস)

Amy Flores (এমি ফ্লোরেস) হলেন একজন অভিজ্ঞ এক্সিকিউটিভ যার আর্থিক সেবা, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, এবং অর্থনৈতিক বিকাশে 15 বছরের বেশি অভিজ্ঞতা আছে। তিনি বর্তমানে JPMorgan Chase-এর একজন কমিউনিটি ম্যানেজার হিসেবে কাজ করতেন যেখানে তিনি এমন উদ্যোগের নেতৃত্ব দিয়েছেন যার সম্পূর্ণ মনোযোগ ছিলো কমিউনিটির সমস্যা বুঝতে পারা এবং সমাধানের জন্য নানা খাতের স্থানীয় নেতাদের সাথে সহযোগিতা করা। এর আগে তিনি নাসাউ কাউন্টির অফিস অফ হিস্প্যানিক অ্যাফেয়ার্সের (Office of Hispanic Affairs) এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং ব্যাংকিংয়ের সিনিয়র পদে কাজ করেছেন। Amy (এমি) Central America Resource Center (CARECEN) এবং Círculo de la Hispanidad-এর বোর্ডে দায়িত্ব পালন করেছেন এবং সিটি এবং স্টেট এবং Long Island Business News তাকে লং আইল্যান্ডের সবথেকে প্রভাবশালী সিভিক নেতাদের একজন হিসেবে স্বীকৃতি দিয়েছে। Amy (এমি) Hofstra University থেকে একটি ব্যাচেলর অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (Bachelor of Business Administration, BBA) ডিগ্রি নিয়েছেন এবং তিনি Hofstra University-এর ABA Accredited Paralegal Studies প্রোগ্রাম থেকে অনার্সসহ সার্টিফিকেট অফ কমপ্লিশন (Certificate of Completion) পেয়েছেন।

Dean Mihaltses (ডিন, মিহালটসেস), RPh, BPS, MPA

Dean Mihaltses (ডিন, মিহালটসেস) হলেন একজন ভেটেরান হেলথ কেয়ার এক্সিকিউটিভ এবং লাইসেন্সপ্রাপ্ত ফার্মাসিস্ট যার হাসপাতাল পরিচালনা, জনস্বাস্থ্য নীতি, এবং ক্লিনিক্যাল ফার্মেসি সেবায় 40 বছরের বেশি অভিজ্ঞতা আছে। অতি সম্প্রতি তিনি NYC Health + Hospitals/Queens-এর একজন অন্তর্বর্তীকালীন CEO এবং COO হিসেবে দায়িত্ব পালন করেছেন, যেখানে শহরের সবথেকে ব্যস্ত সরকারি হাসপাতালগুলির একটিতে তিনি হাসপাতালের পরিচালনা, জরুরি প্রস্তুতি এবং কৌশলী উদ্যোগের ব্যবস্থাপনা করেছেন। তার আগের পদগুলির মধ্যে ছিল Jacobi & Elmhurst হাসপাতালে ফার্মেসি সার্ভিসের ডিরেক্টর এবং দক্ষ নার্সিং এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি ফ্যাসিলিটির কনসালটেন্ট। তিনি একাধিক ন্যাশনাল প্রফেশনাল অ্যাসোসিয়েশনের ফেলো এবং তিনি ভবিষ্যতের হেলথ প্রফেশনালদের ট্রেনিং দিয়ে যাচ্ছেন।

Lisa Warren (লিসা ওয়ারেন)

Lisa Warren (লিসা ওয়ারেন) হলেন একটি লং আইল্যান্ডের রিয়েল এস্টেট বিনিয়োগ এবং ম্যানেজমেন্ট ফার্ম, Placid, LLC-এর প্রেসিডেন্ট, এবং একজন সিভিক নেতা যার নেতৃত্ব এবং এনগেজমেন্টের নিবেদিত রেকর্ড আছে, যেমন নাসাউ কাউন্টি প্ল্যানিং কমিশনের (Nassau County Planning Commission) কমিশনার। ব্যবসা এবং দানশীলতায় 30 বছরের বেশি সময় ধরে তিনি নাসাউ কাউন্টির কমবয়সীদের বিকাশ, শিক্ষা এবং শিল্পকে সমর্থন করেছেন। তিনি বিশেষ করে কমবয়সীদের ক্রীড়ার অ্যাক্সেস বাড়াতে সক্রিয় কাজ করছেন এবং তিনি Long

Island Children’s Museum এবং হার্লেমের (Harlem) আইস হকির বোর্ডে দায়িত্ব পালন করছেন। তার Hofstra এবং Duke Universities-এর ডিগ্রি আছে এবং French Culinary Institute-এর ডিপ্লোমা আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন